ছাদের জন্য

**লোহার কড়ি**

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সত্বর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**

ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়,
২নং দর্মাহাটা ষ্ট্রীট, কলিকাতা।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—০.০—

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩০শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৫ই অগ্রহায়ণ বুধবার ১৩৫০ ইংরাজী 1st Dec. 1943 { ২৬শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৫৪** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৸৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র।
বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।
মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।**

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা।

## ১৯৪২-এর সাফল্য

বর্ত্তমান যুদ্ধ-সঙ্কট ও আর্থিক বিপর্য্যয়ের দিনেও হিন্দুস্থান যে ক্রমোন্নতির পথেই অগ্রসর হইতেছে, ইহা হিন্দুস্থানের সম্প্রতি প্রকাশিত ১৯৪২ সালের বার্ষিক কার্য্য-বিবরণী হইতেই উপলব্ধি হইবে। নিম্নের আর্থিক পরিচয়ে সোসাইটির প্রভূত সাফল্যের সামান্য নিদর্শন প্রদত্ত হইল।

### আর্থিক পরিচয়

| | |
|---|---|
| নূতন বীমা | প্রায় তিন কোটি টাকা |
| মোট চলতি বীমা | ১৯ কোটি ৩৬ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৪ „ ৭৪ „ „ „ |
| মোট সম্পত্তি | ৫ „ ১৮ „ „ „ |
| দাবী শোধ (১৯০৭-৪২) | ২ „ ৭৫ „ „ „ |
| প্রিমিয়ামের আয় | প্রায় এক কোটি টাকা। |

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্ঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৫ই অগ্রহায়ণ বুধবার, সন ১৩৫০ সাল

## জঙ্গিপুর মহকুমার সেকেণ্ড অফিসার

জঙ্গিপুর মহকুমার সেকেণ্ড অফিসার শ্রীযুত অনুভূতি ভট্টাচার্য্য এম-এ মহোদয় ঢাকায় বদলি হইলেন, শ্রীযুত বিপিনচন্দ্র নাথ এম-এ-বি-সি-এস মহোদয় বর্দ্ধমান—কালনা হইতে আসিয়া তাঁহার কার্য্যভার গ্রহণ করিয়াছেন আমরা শ্রীযুত ভট্টাচার্য্য মহাশয়কে বিদায় অভিনন্দন জানাইয়া মিঃ নাথকে সাদরে আহ্বান করিয়া বলিতেছি—

অয়মারম্ভঃ শুভায় ভবতু।

---

## ডাক্তারের পরলোক

রঘুনাথগঞ্জের লব্ধপ্রতিষ্ঠ ডাক্তার হরিদাস নাথ বি-এস-সি-এম-বি মহাশয় আর ইহজগতে নাই। মাত্র ৪৭ বৎসর বয়সে তাঁহার ইহলীলার অবসান হইয়াছে। ডাক্তার বাবু অনেকদিন হইতে মাঝে মাঝে অসুখেও ভুগিতেছিলেন কাজকর্ম্মও করিতেছিলেন। অল্পদিন হইল রোগের গুরুত্ব বুঝিয়া স্থানীয় চিকিৎসকগণ তাঁহাকে চিকিৎসার্থে কলিকাতা যাইতে পরামর্শ দেন। তদনুসারে তাঁহাকে কলিকাতার বেলগেছিয়া হাসপাতালে লইয়া যাওয়া হয়। মাত্র কয়েক দিন সেখানে থাকিয়া গত ১২ই অগ্রহায়ণ সেইখানেই দেহত্যাগ করিয়াছেন। এই বৎসর ১২ই শ্রাবণ অর্থাৎ ঠিক চারি মাস পূর্ব্বে তাঁহার জ্যেষ্ঠ সহোদর ভজহরি নাথ মহাশয় পরলোক গমন করিয়াছেন। মাত্র চারি মাসের মধ্যে এক বাড়ীর দুই জন অভিভাবকের জীবনলীলার অবসান সত্য সত্যই তাঁহাদের প্রতিপাল্য-দিগের ভাগ্যহীনতার পরিচায়ক।

ডাক্তার নাথ বেশ বিজ্ঞ চিকিৎসক ছিলেন, চিকিৎসার জন্য আধুনিক যন্ত্রপাতি তিনি অনেক কিনিয়া তাঁহার ল্যাবরেটরীকে সর্ব্বাঙ্গ সুন্দর করিবার জন্য যথেষ্ট অর্থ ব্যয় করিয়াছিলেন। শুধু ডাক্তার হিসাবে নয় জমিদার হিসাবেও তাঁহার যথেষ্ট সহৃদয়তা ছিল। দৃষ্টান্তস্বরূপ আমরা একটী উল্লেখ না করিয়া পারিলাম না। রঘুনাথগঞ্জে তাঁহার বাসভবনের সংলগ্ন অনেক পতিত জমি অনেকগুলি ভদ্রলোককে বাসগৃহ নির্ম্মাণের সুবিধা দিয়া নিজের প্রতি-বেশী সংগ্রহ করিয়া পল্লীর জনহীনতা দূর করেন। নিজের বাটীর সুবৃহৎ জলাশয়টীর বাঁধাঘাট নিজেরা ব্যবহার করিতেন, তাঁহার প্রতিবেশিনী ভদ্রমহিলারা কাদামাটীর ঘাটে অনেক অসুবিধা ভোগ করিতেন দেখিয়া তাঁহাদের ব্যবহারের ঘাটটীকেও বাঁধাইয়া দিয়া নিজের সহৃদয়তার পরিচয় দিয়াছেন। ডাক্তার নাথ বহু বৎসর ধরিয়া জঙ্গিপুর মিউনিসিপালিটীর কমিশনর। তিনি জঙ্গিপুর হাই স্কুলেরও মেম্বর ছিলেন। তাঁহার মৃত্যু সংবাদ পাইবা-মাত্র হাই স্কুল বন্ধ দেওয়া হয়।

ছেলেদের খেলা ধূলায়ও তাঁহার যথেষ্ট উৎসাহ ছিল। তাঁহার স্বর্গীয় পিতৃদেবের নামে "রাধাবল্লভ মেমোরিয়াল" কাপ নামে একটী সুবৃহৎ কাপ ফুটবল প্রতিযোগিতার জন্য এক কমিটীর হস্তে অর্পণ করিয়াছেন। তিনি বিধবা পত্নী ও ছয়টী অপ্রাপ্ত বয়স্ক পুত্র এবং তিনটী কন্যা রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা জানাইয়া পরলোকগত আত্মার সদ্গতি কামনা করি।

---

## বেঙ্গল সেন্ট্রাল রিলিফ ফণ্ড

### এগার লক্ষাধিক টাকা সংগৃহীত

আজ পর্য্যন্ত বেঙ্গল সেন্ট্রাল রিলিফ ফণ্ডের জন্য মোট ১১,০৫,৯০৫৲ টাকা চাঁদা পাওয়া গিয়াছে। গত সপ্তাহে যে সমস্ত বৃহৎ দান পাওয়া গিয়াছে, তন্মধ্যে ইষ্টার্ণ আর্ম্মি ও অন্যান্য সামরিক দলের নিকট হইতে প্রাপ্ত ১৩,০০০৲ টাকা, কোটার মহারাজ বাহাদুরের নিকট হইতে প্রাপ্ত ১,০০০৲ টাকা, মহীশূর গভর্ণমেণ্টের নিকট হইতে প্রাপ্ত ১০,০০০৲ টাকা, করাচী রাইস ক্লাবের নিকট হইতে প্রাপ্ত ১৩,১৯৮৲ টাকা, ত্রিচিনোপলী লেডীস ক্লাবের নিকট হইতে প্রাপ্ত ১,৭৫০৲ টাকা এবং প্রিজনার-অব-ওয়ার ক্যাম্পস্‌এর ওয়েলফেয়ার অফিসারের নিকট হইতে প্রাপ্ত ৩,৩০০৲ টাকা উল্লেখযোগ্য। কলিকাতার বিদায়ী পুলিস কমিশনার উক্ত ফণ্ডে ২,৫৬৭৲ টাকা প্রদান করিয়াছেন। তাঁহার অবসর গ্রহণ উপলক্ষে কলিকাতার পুলিসবাহিনী কোন দাতব্য প্রতিষ্ঠানে প্রদান করার জন্য উক্ত অর্থ তাঁহাকে উপহার প্রদান করেন।

---

## দামোদর বাঁধ মেরামত

বাঙ্গালার যানবাহন ও পূর্ত্ত বিভাগের মন্ত্রী শ্রীযুক্ত বরদাপ্রসন্ন পাইন জানাইয়াছেন যে, দামোদর বাঁধের ভগ্নস্থান মেরামত হইয়া গিয়াছে।

---

## নেপাল হইতে খাদ্য প্রেরণ

বঙ্গের বর্ত্তমান সঙ্কটে সহানুভূতি প্রকাশ করিয়া নেপালের মহারাজ নেপালে মজুত উদ্বৃত্ত ধান ও চাউল বাঙ্গালার সাহায্যকল্পে ছাড়িয়া দিতে সম্মত হইয়াছেন। উক্ত ধান ও চাউল যাহাতে অতিলোভীদের হাতে না পড়ে, এজন্য মহারাজ ভারত গবরমেণ্টকে বাঙ্গালা গবরমেণ্টের একজন ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে নেপাল গবরমেণ্টের সহিত পরামর্শ করার জন্য কাটামুণ্ডুতে পাঠাইবার অনুরোধ করিয়াছেন।

---

## সশস্ত্র ডাকাতি

গত ২০শে নবেম্বর রাত্রিতে নদীয়া জেলার রাণাঘাট থানার অধীন বারহট্ট গ্রামের শ্রীযুক্ত পঞ্চানন বিশ্বাসের বাড়ীতে ডাকাতি হইয়া গিয়াছে। ডাকাতেরা ঐ বাড়ীর গৃহদেবতা লক্ষ্মী-জনার্দ্দন ঠাকুরের স্বর্ণালঙ্কার ও সিংহাসন প্রভৃতিতে প্রায় ৬৫ ভরি সোণা এবং প্রায় ৪০০ তোলার রূপার জিনিষপত্র লইয়া গিয়াছে। শ্রীযুক্ত পুলিন বিশ্বাস ডাকাত-দিগকে লক্ষ্য করিয়া বন্দুকের গুলি ছুড়িয়া-ছিলেন। তাহারা হাতুড়ি ও সিঁদ কাটিবার যন্ত্রপাতি ফেলিয়া গিয়াছে। এতদ্ব্যতীত তাহাদের শরীরের ক্ষত হইতে নিঃসৃত প্রচুর রক্তের দাগও ছিল। পরদিন প্রাতঃকালে চুর্ণী নদীতে একজন বলিষ্ঠ ও শ্মশ্রুধারী লোকের মৃতদেহ ভাসমান অবস্থায় দেখিতে পাওয়া যায়। তাহার বুকে বন্দুকের গুলির আঘাত ছিল। পুলীশ মৃতদেহটি লইয়া গিয়াছে।

---

## উড়িষ্যা মেডিকেল স্কুল

কটকের সংবাদে প্রকাশ,— উড়িষ্যা গবর-মেণ্ট ১৯৪৪ সাল হইতে উড়িষ্যা মেডিকেল

স্কুলটিকে কলেজে পরিণত করার সিদ্ধান্ত করিয়াছেন।

---

## বিবাহ বিচ্ছেদ

জুরিখের ২৬শে নবেম্বরের সংবাদ,—আগা খাঁ এবং তাঁহার দ্বিতীয়া পত্নী মাদাম আন্দ্রে ক্যারোঁ পরস্পরকে পছন্দ করেন না এবং তাঁহাদের প্রকৃতিও বিভিন্নরূপ বলিয়া জেনেভায় তাঁহাদের বিবাহ বিচ্ছেদের আবেদন মঞ্জুর করা হইয়াছে। এই বিবাহের ফলে সাত দশ বৎসর বয়স্ক পুত্রকে উভয় পক্ষের সম্মতিক্রমে আগা খাঁর তত্ত্বাবধানে রাখা হইয়াছে।

---

# নীলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নীলামের দিন ১০ই জানুয়ারী ১৯৪৪

### ১৯৪৩ সালের ডিক্রীজারী

১৪১৫ থাং ডিঃ কুমার বীরেন্দ্রনাথ রায় বাহাদুর দেং নিত্যানন্দ মণ্ডল দিং দাবি ১৮॥/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রাণীনগর ২-৭ শতকের কাত ২॥০ আঃ ১০৲ থং ১৫৭

১৪২০ থাং ডিঃ ঐ দেং তাজুরুদ্দি সেখ দিং দাবি ২২৷৩ মৌজাদি ঐ ৭৪ শতকের কাত ৩৷৫ আঃ ১০৲ থং ৩৩২

১৪৪৪ থাং ডিঃ ঐ দেং হিরু মোল্লা দিং দাবি ২৪৶৯ মৌজাদি ঐ ২১ শতকের কাত ২৸৵১০ আঃ ১০৲ থং ৪৩২

১৪১৯ থাং ডিঃ ঐ দেং শশধর দাস দাবি ১১৸৵৩ থানা ঐ মৌজে রাজানগর ৪৫ শতকের কাত ১1/২॥০ আঃ ৫৲ থং ৩৩৫

১৪১৭ থাং ডিঃ ঐ দেং অন্নদাসুন্দরী দাসী দাবি ৩১৲ মৌজাদি ঐ ২-৪৯ শতকের কাত ৩॥৵১৮॥০ আঃ ২০৲ থং ১৫৪

১৪৫০ থাং ডিঃ ঐ দেং অন্নদাসুন্দরী দাসী দিং দাবি ১২১৵৯ মৌজাদি ঐ ৬৮৭ শতকের কাত ৯৸০ আঃ ৫০৲ থং ১৬০

১৪৫১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫০৸৯ মৌজাদি ঐ ৮-৮১ শতকের কাত ১২॥৵১৭॥০ আঃ ৫০৲ থং ১৪৬

১৪১৮ থাং ডিঃ ঐ দেং রফাতুল্লা মিস্ত্রী দাবি ২৪৶৬ মৌজাদি ঐ ১-১৫ শতকের কাত ৩॥০ আঃ ১০৲ থং ১৮০

১৪২১ থাং ডিঃ ঐ দেং গৌরাঙ্গ দাস দাবি ৯॥৶৩ মৌজাদি ঐ ১২ শতকের কাত ৸০ আঃ ৫৲ থং ১১৪

১৪১৬ থাং ডিঃ ঐ দেং দুলাল মণ্ডল দাবি ২১/৩ থানা ঐ মৌজে বীরেন্দ্রনগর ৩৯ শতকের কাত ৩৷০ আঃ ১০৲ থং ১০৪

১৪৫৭ থাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং সাজিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ৪৬৸৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচনপাড়া ৯৫ শতকের কাত ৭৸৵৩ আঃ ১৫৲ থং ৭৭

১৪৫৮ থাং ডিঃ ঐ দেং গোপালচন্দ্র সাহা দিং দাবি ৪৪॥০ থানা ঐ মৌজে নূতনগঞ্জ ৭৫ শতকের কাত ৭।/৩ আঃ ২০৲ থং ৩০৮

১২৩৮ থাং ডিঃ কৃষ্ণচন্দ্র সাহা দিং দেং হাসিমুদ্দিন মণ্ডল দিং দাবি ২৫৵৩ থানা সুতী মৌজে ইচলিপাড়া ৪৫ শতকের কাত ৩॥০ আঃ ৭৲ থং ১০৮৪

১৫১৩ থাং ডিঃ মাখনময়ী দাসী দেং সুবাসিনী দেবী দিং দাবি ৯৯॥/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীকান্তবাটী ৮-৭০ শতকের কাত ২১॥/৪ আঃ ৫০৲ থং ৪৮৪ রায়ত মোকররী

১২৫০ থাং ডিঃ নীরদবরণী দেব্যা দেং গোফুর সেখ দিং দাবি ১৮৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ॥০ কাঠার কাত ৪।০ তন্মধ্যে অর্দ্ধাংশ ২৵০ আঃ ৫৲ থং ৪৫৭ তদুপরিস্থিত দেওয়াল ঘর মায় চাল, ছাপ্পর, কপাট, চৌকাঠ, জানালা, তীর, বরগা, আম্র, কাঁঠাল, আকাঠা, সুকাঠা, বৃক্ষাদিসহ নওয়া জিমা ইত্যাদি

১২৯৫ থাং ডিঃ পশুপতি চন্দ্র দেং মোনাব সেখ দিং দাবি ৩৯।/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে চরকা ১-৫০ শতকের কাত ৬॥/০ আঃ ২০৲ রায়ত স্থিতিবান

১২৯৬ থাং ডিঃ ঐ দেং আবদুল কাদের সেখ দাবি ২৪।০ মৌজাদি ঐ ৩৫ শতকের কাত ৩।৶০ আঃ ১০৲ রায়ত স্থিতিবান

১২৯৭ থাং ডিঃ ঐ দেং মঙ্গলচন্দ্র স্বর্ণকার দিং দাবি ২৩।৬ থানা ঐ মৌজে মির্জাপুর ৩৪ শতকের কাত ২৸৶০ আঃ ১০৲ রায়ত স্থিতিবান

১২৯৮ থাং ডিঃ ঐ দেং কৃষ্ণকামিনী দাসী মৃতান্তে ওয়ারিশ দুলালকালি চন্দ্র দাবি ২০।৵০ মৌজাদি ঐ ১১ শতকের কাত ২৸৶০ আঃ ১০৲ ঐ স্বত্ব

১২৯৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৶৬ মৌজাদি ঐ ৪ শতকের কাত ১॥৶৬ আঃ ৫৲ ঐ স্বত্ব

১৩০৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৷৯ মৌজাদি ঐ ৩ শতকের কাত ২।০ আঃ ৫৲ ঐ স্বত্ব

১৩০২ থাং ডিঃ ঐ দেং বিরাজমোহিনী দেবী মৃতান্তে ওয়ারিশ পাঁচুসুন্দরী দেবী দিং দাবি ২২৸৪ মৌজাদি ঐ ১-২৫ শতকের কাত ২॥০ আঃ ১০৲ ঐ স্বত্ব

১৩০৩ থাং ডিঃ ঐ দেং গিরীন্দ্র কুনাই দাবি ১০॥৩ মৌজাদি ঐ ৯ শতকের কাত ১/৩ আঃ ৫৲ ঐ স্বত্ব

১৩০৪ থাং ডিঃ ঐ দেং অন্নপূর্ণা দাসী দিং দাবি ২০৸/৬ মৌজাদি ঐ ৫ শতকের কাত ২॥০ আঃ ১০৲ ঐ স্বত্ব

১৩০৬ থাং ডিঃ ঐ দেং পশুপতি মণ্ডল দিং দাবি ২৪৶৬ মৌজাদি ঐ ৫৫ শতকের কাত ৩॥৵৯ আঃ ১০৲ ঐ স্বত্ব

১৩০৮ থাং ডিঃ ঐ দেং বিহারী মণ্ডল মৃতান্তে ওয়ারিশ ধরণী মণ্ডল দিং দাবি ৩৭৸৩ মৌজাদি ঐ ২-১৬ শতকের কাত ৬।/৫ আঃ ২০৲ ঐ স্বত্ব

১৩০৫ থাং ডিঃ ঐ দেং হাউস খলিপা দাবি ১১৸/৬ থানা ঐ মৌজে বাসুদেবপুর ৪ শতকের কাত ১।৫ আঃ ৫৲ ঐ স্বত্ব

১২১৫ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং অটল মণ্ডল মৃতান্তে ওয়ারিশ শ্রীকান্ত দাস নাবালক পক্ষে অলি মাতা ললিতা দাসী দাবি ১৩।৵৩ থানা সুতী মৌজে ১০৪ নং বাঙ্গাবাড়ী ৪ শতকের কাত ॥৵০ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

১০৬১ থাং ডিঃ অন্নপূর্ণা রায় ওরফে অন্নপূর্ণা দাসী দেং ভাদু মণ্ডল দাবি ২৫।/০ থানা সুতী মৌজে অমরপুর ৩-৭৪ শতকের কাত ১০।৶৬ আঃ ১৫৲ রায়ত স্থিতিবান

১০৬২ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং প্রভাতকুমার চৌধুরী দিং দাবি ১৪৩৵৬ থানা সুতী মৌজে গোপালনগর ১১-৯৭ শতকের কাত ৩০৵৪ আঃ ৫০৲ রায়ত স্থিতিবান

১৩২১ থাং ডিঃ ঐ দেং হরেকৃষ্ণ চৌধুরী দিং দাবি ২৪৸৶৯ থানা ঐ মৌজে শিধরী ৪৭ শতকের কাত ৩।১০ আঃ ৫৲ ঐ স্বত্ব

১৩২৫ থাং ডিঃ ঐ দেং মহেন্দ্রনারায়ণ দত্ত দিং দাবি ১২৫৸৵৩ মৌজাদি ঐ ৩-৮৮ শতকের কাত ২০॥৵৩ আঃ ৩৫৲ ঐ স্বত্ব

(অবশিষ্টাংশ পর পৃষ্ঠায় দেখুন।)

১৩২৯ থাং ডিঃ ঐ দেং নাকফোর ঘোষ দিং দাবি ১৬৫৯/০ মৌজাদি ঐ ১-৫৩ শতকের কাত ৬৯/০ আঃ ২০৲ রায়ত স্থিতিবান

১৩২৩ থাং ডিঃ ঐ দেং তুঃখিনী মণ্ডলানী নাবালিকা পক্ষে অলি মাতা অন্নদা মণ্ডলানী দাবি ১৯।৵৯ থানা ঐ মৌজে গোপালনগর ৩১ শতকের কাত ১৫৵৩ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

১৩৩২ থাং ডিঃ ঐ দেং কাশী মণ্ডল দিং দাবি ১৭৷৵৯ মৌজাদি ঐ ২০ শতকের কাত ১।৵০ আঃ ৫৲ রায়ত স্থিতিবান

১৩৩১ থাং ডিঃ ঐ দেং লছমন মণ্ডল দিং দাবি ৪১৷৷৯ মৌজাদি ঐ ১-৬৬ শতকের কাত ৪৲ আঃ ২০৲ ঐ স্বত্ব

১৩২৪ থাং ডিঃ ঐ দেং প্রতাপচন্দ্র দাস দিং দাবি ৩৩২৫৵৩ থানা ঐ মৌজে অমরপুর ১১-৬৮ শতকের কাত ২৯৫/০ আঃ ৭৫৲ ঐ স্বত্ব

১৪৩৮ থাং ডিঃ অধরচন্দ্র মণ্ডল দেং যোগেশ্বরনাথ রায় দিং দাবি ১৮৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ৪২ শতকের কাত ৫৵০ আঃ ১৫৲ খং ১১১৫

৭৫ মনি ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং একড়িবালা দাসী দাবি ১০।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বড় কালিয়াই ৫ শতকের কাত ১।৵০ আঃ ২৲


৭৭ মনি ডিঃ ঐ দেং গণেশচন্দ্র মিস্ত্রী দাবি ২১/৯ থানা ঐ মৌজে ছোট কালিয়াই ১৯ শতকের কাত ৪।/০ আঃ ১৫৲ খং ৫৮

৪৬ মনি ডিঃ বান্দালী মণ্ডল দেং তামিজুদ্দিন সেখ দিং দাবি ১২০৷৷/৩ থানা সুতী মৌজে বাউরীপুনী ১৩ শতকের কাত ৷৵০ আঃ ২৫৲ খং ২১৬ উক্ত জমি দেন্দারের অর্দ্ধাংশে ৬৷৷০ শতক

৮৩ মনি ডিঃ সাজ্জাদ আহাম্মদ দিং দেং আহামচল্লা বিশ্বাস দিং দাবি ৭৫।৵৬ থানা সুতী মৌজে বাহাগলপুর ৩৷৷০ বিঘার কাত ১৫০ আঃ ৬০৲

৩১ মনি ডিঃ মহারাজ শশিকান্ত আচার্য্য বাহাদুর দেং আবদুল গোফুর মণ্ডল দাবি ৫৯।/৯ থানা সুতী মৌজে নুরুল্লাপুর ৩-৭০ শতকের কাত ৫৷৷/০ আঃ ৪০৲ খং ৪৬০

---




দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়।

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
“অটলবিহারী শাখা ঔষধালয়” রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।